



মনিটরিং পলিসি ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
website: www.bb.org.bd

এমপিডি সার্কুলার নং-০১

তারিখঃ ০৯ ফেব্রুয়ারি ২০২৬
২৬ মাঘ ১৪৩২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক কোম্পানি ও আর্থিক প্রতিষ্ঠান

নীতি সুদহার করিডোরের নিম্নসীমা পুনঃনির্ধারণ প্রসঙ্গে

প্রিয় মহোদয়,

বিগত ১৫ জুলাই ২০২৫ তারিখে জারিকৃত নীতি সুদহার সংক্রান্ত এমপিডি সার্কুলার নং-০২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংক পর্যবেক্ষণ করেছে যে, বর্তমানে প্রচলিত স্ট্যান্ডিং ডিপোজিট ফ্যাসিলিটি (SDF) হারে কিছু ব্যাংক আন্তঃব্যাংক মুদ্রাবাজার বা বেসরকারি খাতে ঋণ প্রদানের পরিবর্তে তাদের অতিরিক্ত তরল্য কেন্দ্রীয় ব্যাংকে জমা রাখতে বেশি আগ্রহী হচ্ছে। এতে আন্তঃব্যাংক মুদ্রাবাজারের গতিশীলতা বৃদ্ধি ব্যহত হচ্ছে।

০৩। এক্ষেপে, মনিটরিং পলিসি কমিটির ১১তম সভার সিদ্ধান্তানুসারে, মুদ্রানীতি কাঠামোর Interest Rate Corridor এর আওতায় আন্তঃব্যাংক মুদ্রাবাজার (Call Money Market) কার্যক্রম আরো গতিশীলকরণ এবং তরল্য ব্যবস্থাপনা অধিকতর সুসংহত করার লক্ষ্যে নীতি সুদহার করিডোরের নিম্নসীমা— স্ট্যান্ডিং ডিপোজিট ফ্যাসিলিটি (SDF) শতকরা ৮.০০ শতাংশ হতে ৫০ বেসিস পয়েন্ট হ্রাস করে ৭.৫০ শতাংশে পুনঃনির্ধারণ করা হলো। এছাড়া, নীতি সুদহার করিডোরের উর্ধ্বসীমা — স্ট্যান্ডিং লেন্ডিং ফ্যাসিলিটি (SLF) বিদ্যমান শতকরা ১১.৫০ শতাংশে এবং ওভার নাইট রেপো নীতি সুদহার বিদ্যমান শতকরা ১০.০০ শতাংশে অপরিবর্তিত থাকবে।

০৩। বর্ণিত সিদ্ধান্ত আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ হতে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সদরুল হাসান)
পরিচালক (এমপিডি) (চলতি দায়িত্বে)
ফোনঃ ৯৫৩০০৮২